গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

এবং

সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত

# **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

**১ জুলাই, ২০২০ – ৩০ জুন, ২০২১**

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণী | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১. | উপক্রমণিকা (Preamble) | ৩ |
| ২. | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪-৬ |
| ৩. | **সেকশন-১:** বিপিসি'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলী | ৭ |
| ৪. | **সেকশন-২:** বিপিসি'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৮ |
| ৫. | **সেকশন-৩:** কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক, এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৯-১৩ |
| ৬. | **সংযোজনী-১:** শব্দসংক্ষেপ (Acronyms) | ১৫ |
| ৭. | **সংযোজনী-২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৬ |
| ৮. | **সংযোজনী-৩:** কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা | ১৭ |

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

এবং

সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of BPC)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

বিপিসি বিগত তিন আর্থিক বছরে মোট ৩৬,৮৭,৪৬৪ মে.টন অপরিশোধিত ও ১,৪২,৮৯,৭৬৪ মে.টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি এবং ৫৫,০৯৭ মে.টন ন্যাফথা রপ্তানি করেছে। উক্ত সময়ে জ্বালানি তেল বিক্রয়ের মোট পরিমাণ ছিল প্রায় ১,৯৩,৮৬,৬৬৩ মে.টন। এছাড়া বিগত তিন অর্থবছরে বিপিসি কর্তৃক সরকারি কোষাগারে প্রদানকৃত মোট অর্থের পরিমাণ প্রায় ৩২,৫৯০.২৯ কোটি টাকা (সাময়িক)।

**বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) জ্বালানি তেল সেক্টরের উন্নয়ন ও অপারেশনাল ইফিসিয়েন্সি আরো বৃদ্ধির জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করে।**

**স্বল্প মেয়াদী পরিকল্পনাঃ**

জ্বালানি তেল গ্রহণ, মজুদ ও সরবরাহ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে জ্বালানি তেল পরিমাপের ক্ষেত্রে ম্যানুয়েল সিস্টেম এর পরিবর্তে আধুনিক "রাডার টাইপ অটো-ট্যাংক গেজিং" সিস্টেম চালু করা হয়েছে।

চট্টগ্রামের হযরত শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর এবং সিলেটের ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর ব্যবহারকারী উড়োজাহাজে আধুনিক ও নিরাপদে জ্বালানি তেল সরবরাহের লক্ষ্যে হাইড্রেন্ট সিস্টেম চালু করা হয়েছে। ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে নিরাপদ ও সহজে জ্বালানি তেল সরবরাহের লক্ষ্যে হাইড্রেন্ট সিস্টেম সম্প্রসারণ করা হয়েছে।

জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি খুবই গুরুত্বপূর্ণ। ২০০৯-১০ অর্থ বছরে দেশের জ্বালানি মজুদ ক্ষমতা ছিল ৮.৯৪ লক্ষ মেট্রিক টন। সরকারের যুগোপযোগী সিদ্ধান্তে দেশের জ্বালানি তেল মজুদ ক্ষমতা বৃদ্ধি পেয়ে ২০১৯-২০ অর্থ বছরে প্রায় ১৩.২০ লক্ষ মেট্রিক টনে উন্নীত হয়েছে। মংলায় ১(এক) লক্ষ মেট্রিক টন মজুদ ক্ষমতা সম্পন্ন মংলা অয়েল ইনস্টলেশন প্রকল্পের কাজ ডিসেম্বর'১৯ সময়ে সম্পন্ন হয়েছে।

**মধ্য মেয়াদী পরিকল্পনাঃ**

আমদানিতব্য জ্বালানি তেল মাদার ট্যাংকার হতে দ্রুত, নিরাপদ, সুষ্ঠু এবং নিরবচ্ছিন্নভাবে খালাসের জন্য কক্সবাজার জেলার মহেশখালীর নিকটে বঙ্গোপসাগরে "ইনস্টলেশন অব সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপলাইন" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় মহেশখালিতে একটি স্বয়ংসম্পূর্ণ ট্যাংক ফার্ম ও মহেশখালির পশ্চিমে গভীর সমুদ্রে একটি ভাসমান জেটি তথা সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) এবং আনুমানিক ২X১১০ কিলোমিটার দৈর্ঘ্যের দুইটি সমান্তরাল পাইপলাইন নির্মাণ করা হবে। বর্ণিত পাইপলাইনের বার্ষিক পরিবহন ক্ষমতা হবে প্রায় ৯০ লক্ষ মেট্রিক টন। প্রকল্পের বর্তমানে কাজ চলমান রয়েছে, আগামী ২০২১-২২ অর্থ বছরে সমাপ্ত হবে মর্মে আশা করা যায়।

বর্তমান রিফাইনারীর পরিশোধন ক্ষমতা ১৫(পনের) লক্ষ মেটিক টন থেকে ৪৫(পঁয়তাল্লিশ) লক্ষ মেট্রিক টনে বৃদ্ধির জন্য "ইনস্টলেশন অব ইআরএল ইউনিট-২" প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি আগামী ২০২৩-২৪ অর্থ বছরে সমাপ্ত হবে মর্মে আশা করা যায়।

আমদানিতব্য জ্বালানি তেল (ডিজেল) পাইপলাইনের মাধ্যমে তেল কোম্পানিসমূহের প্রধান স্থাপনা, চট্টগ্রাম হতে পাইপলাইনের মাধ্যমে গোদনাইল/ফতুল্লা ডিপোতে তেল সরবরাহ ব্যবস্থা সহজ, দ্রুত নিরাপদ ও ব্যয় সাশ্রয়ীভাবে পরিবহনের জন্য ''চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইনে জ্বালানি তেল পরিবহন'' প্রকল্প গ্রহণ করা হয়েছে। বর্ণিত প্রকল্পের অধীনে তেল বিপণন কোম্পানিসমুহের মূল স্থাপনা চট্টগ্রাম হতে নারায়ণগঞ্জ জেলার গোদনাইল পর্যন্ত ১৬ ইঞ্চি ব্যাসের ২৩৭.৭১৩ কিলোমিটার এবং গোদনাইল হতে ফতুল্লা পর্যন্ত ১০ ইঞ্চি ব্যাসের ৮.২৯ কিলোমিটার ভূগর্ভস্থ পেট্রোলিয়াম পাইপলাইন নির্মাণ করা হবে। বর্ণিত পাইপলাইনের মাধ্যমে বার্ষিক প্রায় ২৭.০০ লক্ষ মেট্রিক টন ডিজেল পরিবহন করা সম্ভব হবে। প্রকল্পটি আগামী ২০২১-২২ অর্থ বছরে সমাপ্ত হবে মর্মে আশা করা যায়।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ব্যবহারকারী উড়োজাহাজসমূহে জ্বালানি তেল আরো দ্রুত ও সহজে সরবরাহের লক্ষ্যে "জেট-এ-১ পাইপলাইন ফ্রম পিতলগঞ্জ (নিয়ার কাঞ্চনব্রীজ) টু কুর্মিটোলা এভিয়েশন ডিপো (কেএডি) ইনক্লুডিং পাম্পিং ফ্যাসিলিটিজ" প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। বর্ণিত পাইপলাইনের দৈর্ঘ্য প্রায় ১৬ কিলোমিটার (৮ ইঞ্চি ব্যাস) এবং তেল পরিবহন ক্ষমতা হবে বার্ষিক প্রায় ৯(নয়) লক্ষ মেট্রিক টন। প্রকল্পটি ২০২১-২২ অর্থ বছরে সমাপ্ত হবে।

ভারতের নুমালীগড় রিফাইনারী লিমিটেড (NRL)-এ উৎপাদিত ডিজেল ভারতের শিলিগুড়ি মার্কেটিং টার্মিনাল হতে বাংলাদেশের পার্বতীপুর ডিপো পর্যন্ত পাইপলাইনের মাধ্যমে সরবরাহের লক্ষ্যে "ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইন" প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। শিলিগুড়িস্থ মার্কেটিং টার্মিনাল থেকে বাংলাদেশের দিনাজপুর জেলার পার্বতীপুর ডিপো পর্যন্ত ১০'' ইঞ্চি ব্যাসের প্রায় ১৩০ কিলোমিটার (বাংলাদেশ অংশ-১২৫ কিলোমিটার এবং ভারত অংশ-৫ কিলোমিটার) পেট্রোলিয়াম পাইপলাইন নির্মাণ করা হবে। পাইপলাইনের বার্ষিক পরিবহন ক্ষমতা হবে প্রায় ১০ লক্ষ মেট্রিক টন। প্রকল্পটি আগামী ২০২১-২২ অর্থ বছরে সমাপ্ত হবে মর্মে আশা করা যায়।

তেল বিপণন কোম্পানির প্রধান স্থাপনাসহ সকল ডিপোতে জ্বালানি তেল গ্রহণ, পরিমাপ, সরবরাহ, বিতরণসহ সার্বিক কার্যাদি অটোমেশনের আওতায় আনা হবে। সে পরিপ্রেক্ষিতে ইতিমধ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে। রিফাইনারীতে "ইনস্টলেশন অব কাস্টডি ট্রান্সফার ফ্লো মিটার এ্যাট ইআরএল ট্যাংক ফার্ম" প্রকল্প গ্রহণ করা হয়েছে।

**<u>দীর্ঘ মেয়াদী পরিকল্পনাঃ</u>**

ভবিষ্যতে দেশের জ্বালানি নিরাপত্তা আরও সুদৃঢ় করার লক্ষ্যে পটুয়াখালী জেলায় নির্মিতব্য পায়রা সমুদ্র বন্দর এলাকায় একটি বৃহৎ আকারের Composite Petroleum Refinery, অধিক ক্ষমতা সম্পন্ন আমদানি নির্ভর LPG Bottling Plant এবং Strategic Oil Reserve Installation নির্মাণের বিষয় বিবেচনা/পরিকল্পনাধীন রয়েছে। দেশে অপরিশোধিত জ্বালানি তেল প্রক্রিয়াকরণ করার মাধ্যমে পরিশোধিত জ্বালানি তেলের আমদানি নির্ভরতা হ্রাস, সাশ্রয়ী মূল্যে পরিশোধিত জ্বালানি তেল এবং অন্যান্য পেট্রোক্যামিক্যাল পণ্য উৎপাদনের জন্য "পেট্রোলিয়াম রিফাইনারী এন্ড পেট্রোক্যামিক্যাল কমপ্লেক্স এ্যাট মহেশখালী, কক্সবাজার" শীর্ষক প্রকল্প গ্রহণের বিষয় বিবেচনাধীন রয়েছে। কক্সবাজার জেলার মহেশখালী-মাতারবাড়ী এলাকায় এবং চট্টগ্রামের লতিফপুরে এলপিজি প্ল্যান্ট ও টার্মিনাল নির্মাণের বিষয় পরিকল্পনাধীন রয়েছে, যা বাস্তবায়িত হলে গ্রাহক পর্যায়ে আরো সাশ্রয়ী মূল্যে এলপি গ্যাস সরবরাহ করা সম্ভব হবে।

তাছাড়া সারা দেশে জ্বালানি তেলের সরবরাহ নেটওয়ার্ক নির্মাণ করার জন্য মংলা অয়েল ইনস্টলেশন হতে খুলনার দৌলতপুর ডিপো পর্যন্ত অয়েল পাইপলাইন, দিনাজপুরের পার্বতীপুর ডিপো হতে রংপুর ডিপো পর্যন্ত এবং পার্বতীপুর ডিপো হতে বগুড়া পর্যন্ত অয়েল পাইপলাইন নির্মাণের বিষয় বিবেচনা/পরিকল্পনাধীন রয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ**

জ্বালানি তেল আমদানি ও দেশের অভ্যন্তরে পরিবহনের ক্ষেত্রে বর্তমান লাইটারেজ ও পরিবহন ব্যবস্থা সময় ও ব্যয় সাপেক্ষ। এই লাইটারেজ ও পরিবহন ব্যবস্থা থেকে সময় ও ব্যয় সাশ্রয়ী পদ্ধতিতে উত্তরণ বিপিসি'র জন্য অন্যতম বড় চ্যালেঞ্জ। এছাড়া খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বোরো মৌসুমে সারাদেশে নিরবচ্ছিন্ন ডিজেল সরবরাহ নিশ্চিত করাও বিপিসি'র জন্য একটি চ্যালেঞ্জ। আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের মূল্য স্থিতিশীল থাকে না। আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের মূল্য বৃদ্ধি ও ডলারের সাথে টাকার বিনিময় হার বৃদ্ধির কারণে দেশের অভ্যন্তরে জ্বালানি তেলের মূল্য সমন্বয় করা একটি বড় চ্যালেঞ্জ।

## সেকশন -১:

### কর্পোরেশনের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলী:

১.১ **রূপকল্প (Vision)**: সারাদেশে নিরবিচ্ছিন্নভাবে ন্যায্য মূল্যে পরিবেশ বান্ধব জ্বালানি তেল সরবরাহ করা।

১.২ **অভিলক্ষ্য (Mission)**:

১. জ্বালানি তেল আমদানি, পরিশোধন ও বিতরণের মাধ্যমে দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ।
২. জ্বালানি সংশ্লিষ্ট অবকাঠামো উন্নয়ন।
৩. পরিচালন কার্যক্রম আধুনিকায়ন।

১.৩ **কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**:

**১.৩.১ কর্পোরেশনের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. ক্রুড পেট্রোলিয়াম এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্যাদি সংগ্রহ ও আমদানি;
২. ক্রুড পেট্রোলিয়াম শুদ্ধিকরণ এবং বিভিন্ন মানের পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্য সামগ্রী উৎপাদন;
৩. পেট্রোলিয়ামজাত পণ্য গুদামজাতকরণ এবং বিপণন;
৪. জ্বালানি সরবরাহ নির্বিঘ্নকরণ;
৫. দুষণমুক্ত জ্বালানি তেল নিশ্চিতকরণ;
৬. প্রশিক্ষণ কার্যক্রম।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ **প্রধান কার্যাবলী**:

১. ১৯৭৪ সালের বাংলাদেশ পেট্রোলিয়াম এ্যাক্ট (অধ্যাদেশ নং-৬৯) এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন আইন, ২০১৬ এর আওতায় সম্পাদিতব্য কার্যাবলি ;
২ আমদানিকৃত অপরিশোধিত তেল এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য সংগ্রহ ও মজুদ;
৩. অপরিশোধিত তেল পরিশোধন এবং বিভিন্ন শ্রেণীর (Various grade) পরিশোধিত পেট্রেলিয়াম পণ্য উৎপাদন;
৪. অপরিশোধিত তেল পরিশোধনকারী কারখানা এবং এর সহায়ক প্রতিষ্ঠান স্থাপন;
৫. লুব বেইস অয়েল, প্রয়োজনীয় সংযোজক দ্রব্য (Additives) ও অন্যান্য রাসায়নিক দ্রব্য সমন্বয়ে প্রস্তুতকৃত (Finished) লুব্রিকেটিং তেল আমদানি;
৬. ব্লেন্ডেড লুব্রিকেটিং তেল উৎপাদন;
৭. লুব্রিকেটিং প্ল্যান্ট স্থাপন, ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-সাইক্লিং বা উন্নতি বিধানকরণ (Revamping) প্ল্যান্ট স্থাপন;
৮. পরিশোধন কারখানা বর্জ্য বা অবশিষ্টাংশ প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট স্থাপন;
৯. পরিশোধিত ও অপরিশোধিত তেল সংরক্ষণাগার (Storge Facilties) নির্মাণ ও তদুদ্দেশ্যে পরিকল্পনা গ্রহণ;
১০. বিপণন কোম্পানিসমূহকে পেট্রোলিয়ামজাত পদার্থ বরাদ্দের পরিমাণ নির্ধারণ;
১১. অভ্যন্তরীণ অয়েল ট্যাংকার সংগ্রহ;
১২. পেট্রোলিয়ামজাত পণ্য বাজারজাতকরণের সুবিধাদি সৃষ্টি ও সম্প্রসারণ;
১৩. পেট্রোলিয়াম ও পেট্রোলিয়াজাত পণ্য রপ্তানি;
১৪. পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত পদার্থে ব্যবস্থাপনা প্রতিনিধি হিসেবে কাজ করা এবং কোন ফার্ম বা কোম্পানির সহিত চুক্তিতে আবদ্ধ হওয়া;
১৫. কর্পোরেশনের অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের-
    ১৫.১ প্রধান নির্বাহী ও নিরীক্ষক নিয়োগ এবং কোম্পানিসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনার প্রয়োজনে কর্মকর্তাগণের আন্তঃকোম্পানি এবং কর্পোরেশনের বদলী বা পদায়ন;
    ১৫.২ কর্মকান্ড তত্ত্বাবধান, সমন্বয় ও নিয়ন্ত্রণ;
১৬. সরকার কর্তৃক, সময় সময়, কর্পোরেশনকে প্রদত্ত অন্য কোন দায়িত্ব সম্পাদন;
১৭. এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনীয় ও আনুষাঙ্গিক অন্যান্য কার্যাবলী সম্পাদন;
১৮. এন্টারপ্রাইজসমূহের বিষয়গুলো তত্ত্বাবধান, সমন্বয় এবং নিয়ন্ত্রণ।

## সেকশন ২

### বিপিসি'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফালাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| দেশের সর্বত্র পেট্রোলিয়াম পণ্যের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ | মাথাপিছু পিওএল-এর ব্যবহার | কেজিওই (Kg Oil Equivalent) | ৩৮.৭৭ | ৩৯.০২ | ৪১.৩৮ | ৪২.০৬ | ৪৩.২২ | অর্থ বিভাগ | বিপিসি'র বার্ষিক প্রতিবেদন |
| | | | | | | | | পরিকল্পনা কমিশন | বিপিসি'র সেচ পুস্তিকা |
| | | | | | | | | জাতীয় রাজস্ব বোর্ড | বাংলাদেশ স্ট্যাটিস্টিক্যাল ব্যুরো |
| | | | | | | | | বাংলাদেশ ব্যাংক | দি স্ট্যাটিস্টিক্স পোর্টাল |
| | | | | | | | | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | |
| | | | | | | | | পেট্রোবাংলা | |

*সাময়িক

সূত্রঃ

$$\text{Outcome} = \frac{\text{Total Consumption} \times 100}{\text{Population}}$$

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* (জুন' ২০ পর্যন্ত) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | (লক্ষ মে.টন) | (লক্ষ মে.টন) |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| বিপিসি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১) ক্রুড পেট্রোলিয়াম এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত দ্রব্যাদি সংগ্রহ ও আমদানি | ২৫ | ১.১) পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি | ১.১.১) পরিশোধিত তেল আমদানি | লক্ষ মে.টন | ১২ | ৪৫.০০ | ৪১.০৩ | ৪৫.৫০ | ৪০.৯৫ | ৩৬.৪০ | ৩১.৮৫ | ২৭.৩০ | ৪৬.০০ | ৪৭.৫০ |
| | | ১.২) ক্রুড অয়েল আমদানি | ১.২.১) ক্রুড অয়েল আমদানি | লক্ষ মে.টন | ১০ | ১৩.০০ | ১১.৫৪ | ১৩.০০ | ১২ | ১০ | ৯ | ৮ | ১২.০০ | ১৩.০০ |
| | | ১.৩) লোকাল উৎস হতে পরিশোধিত তেল সংগ্রহ | ১.৩.১) পরিশোধিত তেল সংগ্রহ | লক্ষ মে.টন | ৩ | ৫.২৫ | ৪.৭৫ | ৩.২০ | ২.৮৮ | ২.৫৬ | ২.২৪ | ১.৯২ | ৪.০০ | ৪.০০ |
| ২) ক্রুড পেট্রোলিয়াম শুদ্ধিকরণ এবং বিভিন্ন মানের পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্য সামগ্রী উৎপাদন | ১০ | ২.১) ক্রুড অয়েল প্রসেসিং | ২.১.১) ক্রুড অয়েল প্রসেস | লক্ষ মে.টন | ৫ | ১২.০০ | ১০.৮৪ | ১৩.০০ | ১২ | ১০ | ৯ | ৮ | ১২.০০ | ১৩.০০ |
| | | ২.২) বিভিন্ন গ্রেডের পেট্রোলিয়াম পণ্য উৎপাদন | ২.২.১) মধ্যম | লক্ষ মে.টন | ৩ | ৫.২৮ | ৪.৯৯ | ৫.৭২ | ৫.১৫ | ৪.৫৮ | ৪ | ৩.৪৩ | ৫.২৮ | ৫.৭২ |
| | | | ২.২.২) উচ্চ | লক্ষ মে.টন | ১ | ১.৮ | ১.৭৫ | ১.৯৫ | ১.৭৬ | ১.৫৬ | ১.৩৭ | ১.১৭ | ১.৮০ | ১.৯৫ |
| | | | ২.২.৩) নিম্ন | লক্ষ মে.টন | ১ | ৪.৫৬ | ৩.৯২ | ৪.৮৬ | ৫.০০ | ৫.২৫ | ৫.৫০ | ৫.৭৫ | ৪.৫৬ | ৪.৮৬ |

*সাময়িক

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন (লক্ষ মে.টন) | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* (জুন' ২০ পর্যন্ত) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | (লক্ষ মে.টন) | (লক্ষ মে.টন) |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| বিপিসি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ৩) পেট্রোলিয়ামজাত পণ্য মওজুদ এবং বিপণন | ২০ | ৩.১) পর্যাপ্ত পরিমাণ পেট্রোলিয়াম মজুদ সংরক্ষণ | ৩.১.১) ডিজেল | লক্ষ মে.টন | ৫ | ৪.৮০ | ৪.৯৬ | ৪.৮০ | ৪.৩২ | ৩.৮৪ | ৩.৩৬ | ২.৮৮ | ৬.৫০ | ৬.৫০ |
| | | | ৩.১.২) ক্রুড অয়েল | লক্ষ মে.টন | ২ | ১.৫০ | ১.৪৯ | ১.৫০ | ১.৩৫ | ১.২০ | ১.০৫ | ০.৯০ | ১.৫০ | ১.৫০ |
| | | | ৩.১.৩) জেট এ-১ | লক্ষ মে.টন | ১ | ০.৪০ | ০.৪৬ | ০.৪০ | ০.৩৬ | ০.৩২ | ০.২৮ | ০.২৪ | ০.৭০ | ০.৭০ |
| | | | ৩.১.৪) ফার্নেস অয়েল | লক্ষ মে.টন | ১ | ০.৩০ | ১.০৪ | ০.৩০ | ০.২৭ | ০.২৪ | ০.২১ | ০.১৮ | ০.৪০ | ০.৪০ |
| | | | ৩.১.৫) অকটেন | লক্ষ মে.টন | ১ | ০.১৫ | ০.২০ | ০.১৫ | ০.১৪ | ০.১২ | ০.১১ | ০.০৯ | ০.২৫ | ০.২৫ |
| | | | ৩.১.৬) পেট্রোল | লক্ষ মে.টন | ১ | ০.১০ | ০.১৪ | ০.১০ | ০.০৯ | ০.০৮ | ০.০৭ | ০.০৬ | ০.২০ | ০.২০ |
| | | | ৩.১.৭) কেরোসিন | লক্ষ মে.টন | ১ | ০.২০ | ০.২২ | ০.২০ | ০.১৮ | ০.১৬ | ০.১৪ | ০.১২ | ০.২০ | ০.২০ |
| | | ৩.২) পেট্রোলিয়াম পণ্য বিপণন | ৩.২.১) খুচরা কাস্টমার | লক্ষ মে.টন | ৩ | ২৪.০০ | ২২.৩৬ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ২৪.০০ | ২৪.০০ |
| | | | ৩.২.২) সরাসরি কাস্টমার | লক্ষ মে.টন | ১ | ১৬.০০ | ১৩.৩৯ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ১০ | ১৭.০০ | ১৭.০০ |
| | | | ৩.২.৩) এজেন্সী | লক্ষ মে.টন | ১ | ১৬.০০ | ১৫.৪৩ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ১০ | ১৬.০০ | ১৬.০০ |

* সাময়িক

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন (লক্ষ মে.টন) | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* (জুন' ১৯ পর্যন্ত) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **বিপিসি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ৪) জ্বালানি সরবরাহ নির্বিঘ্নকরণ | ১৩ | ৪.১) পাইপলাইন নির্মাণ | ৪.১.১) ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইন নির্মাণ। | কি.মি | ৩ | ০.০০ | ০.০০ | ২০ | ১৭ | ১৪ | ১২ | ১০ | ৬০ | ৫৫ |
| | | | ৪.১.২) চট্টগ্রাম-ঢাকা তেল পাইপলাইন নির্মানের উদ্যোগ গ্রহণ। | % | ২ | ০.০০ | ০.০০ | ৩০ | ২৫ | ২০ | ১৮ | ১৫ | ৪০ | ৫০ |
| | | | ৪.১.৩) গভীর সমুদ্র থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাস (এসপিএম) | কি.মি | ৪ | ১১.৫০ | ১৭২ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২৬ | ০.০০ |
| | | | ৪.১.৪) জেট এ-১ পাইপলাইন নির্মাণ। | কি.মি | ৩ | ০.০০ | ৫.৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| | | ৪.২) মডেল পেট্রোল পাম্প স্থাপন। | ৪.২.১) ৩টি মডেল পাম্প উদ্বোধনকৃত | তারিখ | ৩ | - | - | ৩১/০৫/২১ | ১০/০৬/২১ | ২০/০৬/২১ | ২৫/০৬/২১ | ৩০/০৬/২১ | - | - |
| ৫) দুষণমুক্ত জ্বালানি তেল নিশ্চিতকরণ | ৫ | ৫.১) ভেজাল তেল বিপণন প্রতিরোধ কার্যক্রম | ৫.১.১) ফিলিং স্টেশন ও এজেন্সী সমূহ পরিদর্শন | সংখ্যা | ৫ | ৭০০ টি | ৯৮০ টি | ৩০০ টি | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | ৭০০ টি | ৭০০ টি |
| ৬) প্রশিক্ষণ কার্যক্রম | ৫ | ৬.১) প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি | ৬.১.১) প্রশিক্ষণ | জন | ৫ | ১,৮৫০ | ৩,৬৬১ | ১৮৫০ | ১৬৬৫ | ১৪৮০ | ১২৯৫ | ১১১০ | ১৯০০ | ১৯৫০ |

* সাময়িক

## দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২১
(মোট নম্বর- ২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্য মাত্রার মান২০২০-২১ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | সংখ্যা | ২ | ১৫/০২/২০২১ | ১৫/০৩/২০২১ | ১৫/০৪/২০২১ | ১৫/০৫/২০২১ | - |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | সংখ্যা | ২ | ২৫/০২/২০২১ | ২৫/০৩/২০২১ | ২৫/০৪/২০২১ | ২৫/০৫/২০২১ | - |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | - |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্বপ্রত্যেককর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্য মাত্রার মান২০২০-২১ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত | তারিখ | ১ | ১৫/১২/২০২০ | ১৫/০১/২০২১ | ১৫/০২/২০২১ | - | - |

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রতিমন্ত্রী বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রতিমন্ত্রী বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

২৮.০৭.২০২০

চেয়ারম্যান
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

তারিখ

মোঃ সামছুর রহমান
চেয়ারম্যান (সরকারের সচিব)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

২৮.০৭-২০২০

সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

তারিখ

মোঃ আনিছুর রহমান
সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সংযোজনী -১

### শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন |
| ২ | মে.টন | মেট্রিক টন |
| ৩ | এলপিজি | লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস |
| ৪ | বিআইডব্লিউটিএ | বাংলাদেশ ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি |
| ৫ | পিওএল | পেট্রোলিয়াম, অয়েল এন্ড লুব্রিকেন্টস্ |
| ৬ | জিআরএস | গ্রিভেন্স রিড্রেস সিস্টেম |
| ৭ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল |
| ৮ | কেজিওই | কিলোগ্রাম অয়েল ইকুইভ্যালেন্ট |

## সংযোজনী-২

### কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি | পরিশোধিত তেল আমদানি | স্থানীয় উৎপাদন দেশের চাহিদা পূরণ করতে পারে না বিধায় পরিশোধিত জ্বালানি তেল আমদানি করতে হয়। | বিপিসি | বিপিসি'র বার্ষিক প্রতিবেদন ও সেচ পুস্তিকা | |
| ২ | ক্রুড অয়েল আমদানি | ক্রুড অয়েল আমদানি | ক্রুড অয়েলের স্থানীয় কোন উৎস না থাকায় তা আমদানি করতে হয়। | বিপিসি | বিপিসি'র বার্ষিক প্রতিবেদন ও সেচ পুস্তিকা | |
| ৩ | মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ | মজুদ ক্ষমতা বৃদ্ধি | দৈনিক চাহিদা পূরণের জন্য জ্বালানি তেলের পর্যাপ্ত পরিমাণ সরবরাহ অত্যন্ত জরুরী। নিরবচ্ছিন্ন জ্বালানি তেল সরবরাহের লক্ষ্যে মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ প্রয়োজন। | বিপিসি | বিপিসি'র বার্ষিক প্রতিবেদন ও সেচ পুস্তিকা | |

## সংযোজনী-৩

### কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

| সংস্থার ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | অনুমোদন | প্রশাসনিক ও আর্থিক অনুমোদন | সরকারি নীতি | কার্যক্রম ব্যাহত হবে। |
| অর্থ মন্ত্রণালয় | অর্থ বিভাগ | অনুমোদন | আর্থিক বন্টন | সরকারি নীতি | কার্যক্রম ব্যাহত হবে। |
| পরিকল্পনা মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশন | অনুমোদন | ডিপিপি অনুমোদন | সরকারি নীতি | প্রজেক্ট বাস্তবায়িত হবে না। |
| রেলওয়ে বিভাগ | বাংলাদেশ রেলওয়ে | পরিবহন | রেলযোগে পেট্রোলিয়াম পণ্য পরিবহন | রেলহেড ডিপোতে পেট্রোলিয়াম পণ্য সরবরাহ নিশ্চিতকরণ | পরিবহন ব্যাহত হবে। |
| শিপিং | বিআইডব্লিউটিএ ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | অভ্যন্তরীণ পরিবহন ও আমদানিতব্য পণ্য গ্রহণ | নদীপথে পরিবহন এবং বন্দর ও জেটি সুবিধা | নদীপথে পেট্রোলিয়াম পণ্য সরবরাহ নিশ্চিতকরণ | পরিবহন ব্যাহত হবে এবং পেট্রোলিয়াম পণ্য আমদানি ব্যাহত হবে। |